উপজেলা পরিষদ

মোহনগঞ্জ ,নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ, বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব, মোসাঃ হাফিজা জেসমিন, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি)র ৯৭,২৮,০০০.০০ (সাতানব্বই লক্ষ আটাশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকাসহ সর্বমোট ১,৩৭,২৮,০০০.০০ (এক কোটি সাতত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকার অনুমোদিত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে ও পিআইসির কাজ চলমান আছে। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান আগষ্ট-২০২৩ এর মাসিক সভা ( পরিশিষ্ট-ক) ও প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যালয়ের ৪৬. ৬০০.০০২.০০.০০. ০৩৫(৬)২০২৩-৯৮৮ নং স্মারকে পাশকৃত পানুর গ্রামে সোলার চালিত সেচ পাম্প স্থাপন প্রকল্পটি স্থান পরিবর্তন করে সিয়াধার গ্রামে স্থপনের প্রস্তাব জানান। এ বিষয়ে সার্বিক আলোচনান্তে পার্শ্বেবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) এর প্রকল্পগুলি পিআইসি ও টেন্ডারের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য এবং পানুর গ্রামে সোলার চালিত সেচ পাম্প স্থাপন প্রকল্পটি স্থান পরিবর্তন করে সিয়াধার গ্রামে স্থপনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর, কাবিটা, কাবিখা ও ইজিপিপির কাজ চলমান। বরাদ্দ মোতাবেক প্রকল্প সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ সভায় জানান, বোরো আবাদ চলমান আছে। বর্তমানে সার ও বীজের পর্যাপ্ত মজুদ আছে কোন সংকট নেই। অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান, মোহনগঞ্জ হাসপাতালকে ১০০ শয্যায় উন্নীত করা হলেও সে মোতাবেক জনবল নিয়োগ করা হয় নাই। ফলে হাসপাতালের দৈনন্দিন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তিনি শূন্যপদে জনবল নিয়োগ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং শূন্য পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেল জন্য সিভিল সার্জন, নেত্রকোণাকে অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, নেত্রকোণা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর পরিবারের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া আরো উল্লেখ করেন অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, উপজেলার মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ০৭ | উপজেলা পরিবার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় ডিসেম্বর/২০২৩ মাসের পরিবার পরিকল্পনা বিষয়ক | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিকল্পনা বিভাগ | বিভাগীয় কার্যক্রম পেশ করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩১৯২৫ জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৯১১ জন, মোট সিএআর ৭৮.০৩%, পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০১জন, ইমপ্ল্যানন ৮১জন, আইইউডি ২৫ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | মোহনগঞ্জ |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক শিক্ষার ১০০% বই পাওয়া গেছে এবং বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন, খাদ্য গুদামে আজকের মজুদ চাল ২৪৯৬ মে. টন ও গম ২২ মে. টন। মজুদ চাল আপদকালীন সময়ের খাদ্য চাহিদা পূরণের জন্য সংরক্ষণ থাকবে। ২০২৩-২০২৪ মওসুমে প্রতি কেজি ধান ৩০ টাকা এবং প্রতিকেজি চাল ৪৪ টাকায় সংগ্রহ করা হচ্ছে। চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৩৩৮ মে. টন। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩৫৬ মে. টন। জানুয়ারি ২০২৪ মাসের টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস এর চাল বিক্রয় চলমান আছে। উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে। খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ |
| ১২ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান, অত্র উপজেলায় বয়স্ক ভাতাভোগী ৯৩৮৭ জন, বিধবা ভাতাভোগী ৫০৭০ জন, প্রতিবন্ধী ভাতাভোগী ৩০২২ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভোগী ১৪৩ জন, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ভোগী ২৩ জন, অনগ্রসর ভাতাভোগী ২৭ জন, বেদে ভাতাভোগী ২০ জন। সর্বমোট ভাতাভোগী ১৭৬৯২ জন। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৩ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে মোহনগঞ্জ উপজেলায় কৃষি কাজে ব্যবহৃত পাওয়ার টিলারের সংখ্যা কত তা দ্রুত জানানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি বলেন, অর্থনৈতিক শুমারি ২০২৩ শুরু হবে। উক্ত শুমারি কাজে জনবল শুমারি-২০২২ এর কাজে যারা নিয়োজিত ছিল তাদের মধ্যে থেকে প্রাথমিক তালিকা করা হয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১৪ | যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, চলতি মাসে বায়োগ্যাস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| ১৫ | প্রতিবন্ধী ও সাহায্য সংস্থা | সভায় উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা জানান, আগামী ৭ ফেব্রুয়ারি ইশারা ভাষা দিবস পালিত হবে। উক্ত দিবসের অনুষ্ঠানে সকলকে উপস্থিত থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসার, মোহনগঞ্জ। |
| ১৬ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৮ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, সমগ্র বাংলাদেশে ৫ বৎসর মেয়াদী নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হিসেবে উপজেলার বড়তলী-বানিয়াহারী ও গাগলাজুর ইউনিয়নে চলমান আছে। তিনি বলেন, বিগত অর্থ বছরের টিউবওয়েলের ৮০% সমস্যা সমাধার করা হয়েছে। বাকী সমস্যাগুলি জরুরিভিত্তিতে সমাধান করা হবে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৯ | পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায় | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায়, বিআরডিবি সভায় জানান, প্রকল্প কার্যক্রমের দল গঠন ২১টি, সদস্য ভর্তি ৫০৭ জন, সঞ্চয়ের পরিমাণ ১৮.৮৭ লক্ষা টাকা। ঋণ বিতরণঃ ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ১৩৭.৩০ লক্ষা টাকা এবং ক্ষুদ্র উদ্যেক্তা ঋণ বিতরণের পরিমাণ ৫৫.০০ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋণ আদয়ের পরিমাণ ৬৭.০০ লক্ষা টাকা, ক্ষুদ্র উদ্যেক্তা ঋণ আদায়ের পরিমাণ ১০.৯০ লক্ষ টাকা।মাঠে বকেয়ার পরিমাণ ক্ষুদ্র ঋণ ৬৭.১২ লক্ষা টাকা এবং ক্ষদ্র উদ্যোক্তা ঋণ ৪৪.১০ লক্ষ টাকা। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায়, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায় মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৯ | বড়কাশিয়া বিরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ বলেন, মোহনগঞ্জ হাসপাতালের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করা প্রয়োজন। জরুরি বিভাগে প্রায়শই ডাক্তার পাওয়া যায় না। তিনি সাধারণ জনগনের দ্রুত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য হাসপাতাল পরিস্কার পরিচ্ছন্নতাসহ কর্তব্যরত ডাক্তারগণের সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার অনুরোধ করেন। তিনি বিরামপুর গ্রামের সুজন তাং এর বাড়ির গভীর টিউবওয়েলসহ ইতিমধ্যে স্থাপিত সমস্যাগ্রস্থ টিউবওয়েলগুলি দ্রুত সমাধানের জন্য উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ২০ | তেতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ বলেন, ঝিমটি থেকে তেতুলিয়া রাস্তার বেহাল অবস্থা। তিনি রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২১ | সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ রামজীবনপুর ব্রীজ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। তিনি বলেন, অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ। |
| ২২ | গাগলাজুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ বলেন, অফিসের অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, গাগলাজুর ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ |

(৩) বিবিধ ঃ (ক)।) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

(খ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলার অনেক গভীর নলকূপ বিগত ১/২ বৎসর পূর্বে বসানো হয়েছে। কিন্তু টিউবওয়েলের গোড়া আজও পাকা করা হয়নি বা পানির ট্যাংকি স্থাপন করা হয়নি। ফলে সুবিধাভোগীরা তাদের প্রাপ্য সুবিধা ভোগ করতে পারছে না। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষের আগাম শুভেচ্ছা জানান।

গ) ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৮.০১.২০২৪ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

CamScanner

উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার ডিসেম্বর/২০২৩ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেবর/২০২৩ মাসের ভ্রমণ বিল। | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২৩ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২৩ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান। | ২১,০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের ডিসেম্বর/২০২৩ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয় | ২০,০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ডিসেম্বর/২০২৩ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির ডিসেম্বর/২০২৩ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়। | ৮,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০- ৮৬ (৪০)

তারিখঃ ২৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ......................................................................,........অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,.................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

২৯|০১|২০২৪
(মোসাঃ হাফিজা জেসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা

ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

CamScanner

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) "পরিশিষ্ট ক"                মাসের নামঃ জানুয়ারি-২০২৪

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দ | পদবী |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সভাপতি |
| ০২ | জনাব মোসাঃ হাফিজা জেসমিন, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা | সদস্য |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৬ | সিঃ উপজেলা মৎস্য অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৯ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১০ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৫ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৭ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৮ | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২০ | উপজেলা পরিসংখ্যান অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৩ | ইউডিএফ, ইউজিডিপি, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৪ | চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৫ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৬ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ২৭ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৮ | জনাব রেজিনা আক্তার, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ক্রঃ নং | সভায় অনুপস্থিত সদস্যগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | |
| ০১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নেত্রকোণা | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউপি, মোহনগঞ্জ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৫ | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |

CS CamScanner